# ভাষাগত এবং/অথবা প্রতিবন্ধকতার কারণে যদি আমি ইমিগ্রেশন কর্মকর্তাদের সাথে যোগাযোগ করতে না পারি তাহলে কী করব?

একটি “রেড কার্ড” বা অন্য কোনো “Know Your Rights” কার্ড ব্যবহার করে আপনার নীরব থাকার অধিকার প্রয়োগ করুন। মনে রাখবেন, আপনি যা বলবেন তা আপনার বিরুদ্ধে ব্যবহার করা হতে পারে। সবসময় শান্ত থাকার চেষ্টা করুন। দৌড়ে পালাবেন না বা আতঙ্কিত হবেন না। আপনি কিছু না বলেও একটি “রেড কার্ড” বা অন্য কোনো “Know Your Rights” কার্ড দেখিয়ে আপনার অধিকার দাবি করতে পারেন।

কার্ড প্রিন্ট করতে ভিজিট করুন: ilrc.me/protect

এগুলো দেখতে এমনঃ

মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানের অধীনে আমার ৫ম সংশোধনীর অধিকারের ভিত্তিতে আমি আপনার সাথে কথা বলতে, আপনার প্রশ্নের উত্তর দিতে, অথবা আপনাকে কোনো নথিতে স্বাক্ষর করতে বা হস্তান্তর করতে ইচ্ছুক নই।

মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানের অধীনে আমার ৪র্থ সংশোধনীর অধিকারের ভিত্তিতে আমি আপনাকে আমার বাড়িতে প্রবেশের অনুমতি দিচ্ছি না, যদি না আপনার কাছে প্রবেশের জন্য কোনো পরোয়ানা থাকে, যা কোনো বিচারক বা ম্যাজিস্ট্রেট দ্বারা স্বাক্ষরিত এবং তাতে আমার নাম লেখা আছে, এবং যা আপনি দরজার নিচ দিয়ে ভেতরে ঢুকিয়ে দেন।

আমার ৪র্থ সংশোধনীর অধিকারের ভিত্তিতে আমি আপনাকে আমার কোনো জিনিসপত্র তল্লাশি করার অনুমতি দিচ্ছি না।

আমি আমার সাংবিধানিক অধিকার প্রয়োগ করতে চাই।

এই কার্ডগুলো নাগরিক এবং অনাগরিক উভয়ের জন্যই উপলব্ধ।

I do not wish to speak with you, answer your questions, or

sign or hand you any documents based on my 5th Amendment rights under the United States Constitution.

I do not give you permission to enter my home based on my 4th Amendment rights under the United States Constitution unless you have a warrant to enter, signed by a judge or magistrate with my name on it that you slide under the door.

I do not give you permission to search any of my belongings based on my 4th Amendment rights.

I choose to exercise my constitutional rights.

*These cards are available to citizens and noncitizens alike.*

ইমিগ্রেশন এজেন্টদের সাথে আপনার যে ধরনের কথোপকথন হতে পারে, তার কয়েকটি উদাহরণ নিচে দেওয়া হলো:

| জনসম্মুখে | কর্মক্ষেত্রে | বাড়িতে |
|---|---|---|
| ইমিগ্রেশন কর্মকর্তারা আপনার কাছে এসে আপনার ইমিগ্রেশন স্ট্যাটাস সম্পর্কে জানতে চাইতে পারেন। | অভিবাসন কর্মকর্তারা আপনার কর্মস্থলে আসতে পারেন। | অভিবাসন কর্মকর্তারা আপনাকে গ্রেপ্তার করতে বা আপনার বাড়ি তল্লাশি করতে আপনার বাড়িতে প্রবেশ করতে চাইতে পারেন। |

আপনার ইমিগ্রেশন স্ট্যাটাস যাই হোক না কেন, নীরব থাকার অধিকার প্রয়োগ করুন। তবে, যদি আপনি প্রশ্নের উত্তর দিয়ে বা প্রশ্ন করে “নীরবতা ভাঙার” সিদ্ধান্ত নেন, তাহলে আপনি নিম্নলিখিত যেকোনোটি করতে পারেনঃ

- ➔ একজন দোভাষী বা প্রয়োজনীয় সহায়তা (accommodations) চাইতে পারেন।
- ➔ একজন আইনজীবী চাইতে পারেন।
- ➔ জনসম্মুখে জিজ্ঞাসা করুন, “আমি কি যেতে পারি?”
- ➔ বাড়িতে থাকলে, তাদের চলে যেতে বলুন।
- ➔ বৈধ অবস্থানের প্রমাণ দেখান।

*Last updated 4/7/2026*

→ নীরব থাকার অধিকার পুনরায় প্রয়োগ করুন — আপনি যেকোনো সময় এটি করতে পারেন।

---

## যদি আপনাকে আটক করা হয়ঃ

আপনার এমন ভাষা ও পদ্ধতিতে তথ্য ও যোগাযোগ পাওয়ার অধিকার রয়েছে যা আপনি বুঝতে পারেনঃ

→ একজন দোভাষী (মৌখিক বা সাইন ল্যাঙ্গুয়েজ) চাওয়ার অধিকার রয়েছে।
→ অনূদিত নথিপত্র চাওয়ার অধিকার রয়েছে।
→ প্রতিবন্ধিতার জন্য যুক্তিসঙ্গত সহায়তা (reasonable accommodations) চাওয়ার অধিকার রয়েছে।
→ আদালতে আপনাকে অবশ্যই একজন দোভাষী এবং/অথবা প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে।
→ প্রতিটি ধাপে, যদি আপনি দোভাষী বা নথিপত্র বুঝতে না পারেন, তাহলে যথাসাধ্য বোঝানোর চেষ্টা করুন যে আপনি বুঝতে পারছেন না।

**আপনি যা বুঝতে পারেন না, তাতে সম্মতি দেবেন না বা স্বাক্ষর করবেন না!**

---

এটা সম্ভব যে ইমিগ্রেশন কর্তৃপক্ষ আপনার অনুরোধ সত্ত্বেও দোভাষী, অনূদিত নথিপত্র বা যুক্তিসঙ্গত সহায়তা প্রদান নাও করতে পারে। তবুও, এসব অনুরোধ করা গুরুত্বপূর্ণ, কারণ পরবর্তীতে আপনার মামলায় আটক অবস্থা থেকে মুক্তি পাওয়া বা বহিষ্কারের বিরুদ্ধে লড়াই করার ক্ষেত্রে এগুলো সহায়ক হতে পারে।

## রিসোর্স সমূহঃ

- **দ্রুত সহায়তা হটলাইন (Rapid Response Hotlines):**
  আপনার এলাকার স্থানীয় দ্রুত সহায়তা নেটওয়ার্ক খুঁজতে এবং ইমিগ্রেশন কার্যক্রম রিপোর্ট করতে ভিজিট করুন: https://www.ccijustice.org/carrn

- **অভিবাসী পরিবারগুলোর জন্য আঞ্চলিক নেটওয়ার্ক হাব (Regional Network Hubs for Immigrant Families):**
  আপনার আঞ্চলিক হাব খুঁজতে এবং আইনি সেবা প্রদানকারী, শিক্ষা ও তথ্যের সাথে সংযুক্ত হতে ভিজিট করুন: https://www.ilrc.org/regional-network-hubs

- প্রতিবন্ধী অভিবাসীদের জন্য আরও বিস্তারিত আইনি সহায়তা পেতে দেখুন Disability Rights Education and Defense Fund এর: “Know Your Rights: Reasonable Accommodations in Immigration Procedures and Proceedings” https://dredf.org/kyr-ras-immigration-procedures-and-proceedings/ এবং “Frequently Asked Questions: Disability, Immigration, and Encounters with ICE” https://dredf.org/faqs-disability-immigration-and-encounters-with-ice/

অভিবাসন আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের মুখোমুখি হওয়ার সময় ভাষা ও প্রতিবন্ধিতা-বিষয়ক সমতার দাবিতে আমাদের বৈচিত্র্যময় অভিবাসী সম্প্রদায়ের প্রচেষ্টাকে এগিয়ে নেওয়ার লক্ষ্যে—অনুবাদ-সহায়তার জন্য ‘South Asian Network (SAN)’ -এর সাথে অংশীদারিত্বের ভিত্তিতে—এই ডাউনলোডযোগ্য নির্দেশিকাগুলো তৈরি করা হয়েছে। এই উদ্যোগের সাথে যুক্ত ছিল the Immigrant Legal Resource Center (ILRC), California Rural Legal Assistance Inc. (CRLA), Legal Aid Foundation of Los Angeles (LAFLA), Chinese for Affirmative Action (CAA), এবং Asian Resources Inc. (ARI)

*Last updated 4/7/2026*